গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২১ পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের জন্য ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ১৮ জুলাই ২০২১
সময় : বেলা ৩:০০ ঘটিকায়
সভাপতি : হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।

০১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করেন। তিনি অবহিত করেন যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর কারণে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবস ২০২১ পালন করতে হবে। সভাপতি আরও বলেন যে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে ০৫ জুলাই ২০২১ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব দীপক চক্রবর্তী প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।<br>(খ) জাতীয় পতাকা সঠিক মাপের ও রঙের হতে হবে, বিবর্ণ ও মোচড়ানো পতাকা ব্যবহার করা যাবে না। এক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় পতাকা বিধিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |

সিনিয়র সচিবের দপ্তর
তারিখ
সময়
অনুস্বাক্ষর
স্থানীয় সরকার বিভাগ

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ২. | সকাল ৬:৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং মোনাজাত।<br>(ক) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল ও এর পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিছন্ন রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;<br>(খ) লেক সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতির দুই পাশের লেকের ফোয়ারা চালু রাখতে হবে;<br>(গ) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ লেক সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>(ঘ) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সংলগ্ন ফুটওভার ব্রিজটি পরিস্কার-পরিচ্ছন্ন করাসহ দ্রুত রঙ করতে হবে;<br>(ঙ) অপ্রয়োজনীয় ও দৃষ্টিকটু বিজ্ঞাপন অপসারণ করতে হবে; এবং<br>(চ) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গন ও এপ্রোচ রোডসমূহের সংস্কার এবং পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা ও উপর্যুক্ত লাইটিং নিশ্চিতকরণ। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ৩. | অনুষ্ঠানস্থলে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ নিশ্চিত করতে হবে। | ঢাকা ওয়াসা |
| ৪. | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও দোয়া।<br>(ক) মোনাজাত পরিচালনার জন্য ঈমাম (বিকল্প ঈমামসহ) নিয়োগ (এসবি পাশসহ) ও তাঁর উপস্থিতি নিশ্চিত করতে হবে;<br>(খ) অনুষ্ঠানস্থলের সার্বিক আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সিসিটিভি স্থাপন করতে হবে;<br>(গ) অনুষ্ঠানস্থলের পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ এবং প্রযোজ্যক্ষেত্রে রং করার ব্যবস্থা করতে হবে;<br>(ঘ) অনুষ্ঠানের দিন অনুষ্ঠানস্থলে বৃষ্টিরোধক সামিয়ানা স্থাপন এবং পর্যাপ্ত ছাতার ব্যবস্থা রাখতে হবে;<br>(ঙ) বনানী কবরস্থান-অফিসে/অপেক্ষা-কক্ষে প্রয়োজনীয় আসবাবপত্র, সরঞ্জাম সরবরাহ, পযাপ্ত লাইটিং, শীতাতপ নিয়ন্ত্রণ ও মানসম্মত ওয়াশরুমের ব্যবস্থা নিশ্চিত করতে হবে;<br>(চ) অনুষ্ঠান শুরুর ২ দিন পূর্বে অর্থাৎ ১৩ আগস্ট ২০২১ তারিখের মধ্যে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করতে হবে; | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |

সিনিয়র সচিবের দপ্তর
তারিখ
সময়
অনুস্বাক্ষর
স্থানীয় সরকার বিভাগ

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| | (ছ) প্রস্তুতি যাচাইকল্পে কমিটির সদস্যবৃন্দ ১৪ আগস্ট ২০২১ তারিখ শনিবার সকাল ১০.০০ টায় বনানী কবরস্থান পরিদর্শন করবেন;<br>(জ) অনুষ্ঠানের সময় যোগাযোগের প্রয়োজনে মোবাইল ফোন ব্যবহারের জন্য কমিটির সদস্যদের মোবাইল নম্বরসহ নামের তালিকা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের (এসএসএফসহ) নিকট পত্র প্রেরণ করতে হবে। | |
| ৫. | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সারাদেশের মসজিদসমূহে বাদ যোহর অথবা সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ৬. | স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক ১৫ আগস্ট, ২০২১ খ্রি. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি/ ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ।<br>(ক) স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ মাননীয় মন্ত্রীর নেতৃত্বে সকাল ১০.০০ ঘটিকায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করবে। পরবর্তীতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করবে।<br>(খ) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট এবং ঢাকা ওয়াসা কর্মকর্তাগণ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক এলজিইডি প্রাঙ্গণে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করবে;<br>(গ) রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন পরিবহন পুল ভবনে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতি/ ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করবে।<br>(ঘ) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ নিকটবর্তী স্থানে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতি/ ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করবে। | • স্থানীয় সরকার বিভাগ<br>• স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর<br>• জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>• ঢাকা ওয়াসা<br>• জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট<br>• রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন |
| ৭. | গ্রোথ সেন্টারসহ ঢাকা শহরের গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও স্থাপিত এলইডি, ডিজিটাল বিলবোর্ড ও ইলেক্ট্রনিক বিলবোর্ড-এর মাধ্যমে জাতীয় শোক দিবসের কর্মসূচি ব্যাপক প্রচার করতে হবে।<br>(ক) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |

সিনিয়র সচিবের দপ্তর
তারিখ
সময়
অনুস্বাক্ষর
স্থানীয় সরকার বিভাগ

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| | প্রতিষ্ঠানসমূহে স্থাপিত ডিজিটাল বিলবোর্ড ও ইলেক্ট্রনিক বিলবোর্ডের মাধ্যমে জাতীয় শোক দিবসের কর্মসূচি ব্যাপক প্রচার করতে হবে। এছাড়া ড্রপডাউন ব্যানার প্রদর্শন করতে হবে।<br>(খ) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) Webpage ও Facebook এর মাধ্যমে জাতীয় শোক দিবসের On line পোষ্টার প্রদর্শন/ প্রচারসহ শোক দিবসের কর্মসূচি বহুল প্রচারের ব্যবস্থা করবে।<br>(গ) জাতির পিতা এবং ১৫ই আগস্টের শহিদদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনে ড্রপডাউন ব্যানার মুদ্রণ ও ব্যবহারের ক্ষেত্রে নিম্নরূপ বিষয় অনুসরণ করতে হবে:<br>১) ড্রপডাউন ব্যানারটি ভবনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ভবনের সামনে দৃশ্যমানভাবে লাগানোর ব্যবস্থা গ্রহণ করা এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির ওয়েবসাইটে (mujib100.gov.bd) প্রদত্ত ড্রপডাউন ব্যানারের নমুনার আলোকে প্রস্তুত করা;<br>২) ব্যানারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি থাকবে। স্থান সংকুলান সাপেক্ষে ১৫ই আগস্টের সকল শহিদের ছবি ব্যবহার করা যাবে;<br>৩) ব্যানারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ই আগস্টের শহিদগণ ব্যতীত অন্য কোন ছবি ব্যবহার না করা;<br>৪) ড্রপডাউন ব্যানারের উপরে বাম পার্শ্বে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর লোগো, মাঝখানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের লোগো (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ডান পার্শ্বে মুজিববর্ষের লোগো ব্যবহার করা যাবে। তবে ব্যানারের নিচে প্রতিষ্ঠানের নাম লোগোসহ (যদি থাকে) ব্যবহার করা যেতে পারে;<br>৫) ব্যানারে স্থান সংকুলান সাপেক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কোনো ভাষণের উদ্ধৃতি/দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কোনো উদ্ধৃতি বা কবিতার পঙক্তি ব্যবহার করা যেতে পারে। | |
| ৮. | ক) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে জেলা পরিষদ ও পৌরসভার অংশগ্রহণসহ দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |

সিনিয়র সচিবের দপ্তর স্থানীয় সরকার বিভাগ তারিখ সময় অনুস্বাক্ষর

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| | ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে।<br>খ) স্ব স্ব অনুবিভাগ এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহীত কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি তদারকি করবে। | স্থানীয় সরকার বিভাগের সকল অনুবিভাগ |
| ৯. | ক) স্থানীয় সরকার বিভাগ কেন্দ্রীয়ভাবে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে বঙ্গবন্ধুর কর্ম ও জীবনীভিত্তিক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করবে। উক্ত অনুষ্ঠানে স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তা, সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং দপ্তর/সংস্থার শীর্ষ কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন।<br>খ) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ আলাদা আলাদাভাবে বঙ্গবন্ধুর কর্ম ও জীবনীভিত্তিক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ১০. | স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাবৃন্দ মুজিববর্ষের কোট পিন পরিধান করবেন এবং আগস্ট মাসব্যাপী সকল কর্মকর্তা/ কর্মচারীগণ কালো ব্যাজ ধারণ করবেন। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ১১. | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা নিজস্ব বাজেট হতে এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ নিজস্ব রাজস্ব আয় হতে এ ব্যয় নির্বাহ করবে। এ জন্য পৃথকভাবে অর্থ বরাদ্দ করা হবে না। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ১২. | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) কর্তৃক যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের বিষয়ে উপ-পরিচালক, স্থানীয় সরকার একটি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে। | • উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল) |
| ১৩. | আগস্ট ২০২১ মাসের প্রথম সপ্তাহে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সভাপতিত্বে চূড়ান্ত প্রস্তুতি সভা (ফলোআপ সভা) অনুষ্ঠিত হবে। | • স্থানীয় সরকার বিভাগ |

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ করেন এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

১৯/৭/২০২১

(হেলালুদ্দীন আহমদ)
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৫. ২০১৮-৭৭৫/১(১৩) তারিখঃ ০৪ শ্রাবণ ১৪২৮ / ১৯ জুলাই ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক(পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
৫। বিভাগীয় কমিশনার (সকল)।
৬। পরিচালক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, স্থানীয় সরকার (সকল)।
৭। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৯। উপসচিব (সকল),স্থানীয় সরকার বিভাগ।
১০। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
১১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১২। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
১৩। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/সিটি কর্পোরেশন: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রধান প্রকোশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/গাজীপুর/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন ।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারনী দপ্তর, ঢাকা।

MAKRahman ১৯/০৭/২০২১

এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
E-mail: lgadmin1@lgd.gov.bd